

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
 সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
 বিভাগীয় কার্যালয়
 হড়গ্রাম (ঠাকুরমারা), কাশিয়াডাঙ্গা, রাজশাহী-৬২০১
 Email: addirrajdiv@dnc.gov.bd/rajshahizonednc@gmail.com

ভাদ্র, ১৪২৯

স্মারক নং-৫৮.০৪.০০০০.১৩০.১০.০০৬.১৯. ৫৬৪


তারিখ: -----
 ১৫ সেপ্টেম্বর, ২০২২

বিষয়: সংগৃহীত গোপন সংবাদের ভিত্তিতে উদ্ঘাটিত মাদক মামলার পরিসংখ্যান প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহীর আওতাধীন জেলা কার্যালয়গুলোতে সম্প্রতি মাদক অপরাধ দমন কার্যক্রম অনেকটাই স্তিমিত হয়ে পড়ছে বলে প্রতীয়মান হয়, যা কাম্য নয়। অত্র এলাকার মাদক অপরাধের বাস্তব অবস্থা বিবেচনায় আরো অধিক সংখ্যক মামলা উদ্ঘাটন, বড় বড় মাদকের চালান আটক, তালিকাভুক্ত ও কুখ্যাত মাদক ব্যবসায়ীদেরকে আইনের আওতায় আনায়ন কার্যক্রম আরো জোড়ালো ও দৃশ্যমান হওয়া উচিত। প্রত্যেক জেলা কার্যালয়ে পর্যাপ্ত সংখ্যক জনবল ও লজিস্টিক সাপোর্ট থাকা সত্ত্বেও অপরাধ দমন কার্যক্রম গতিশীল না হওয়া বা দৃশ্যমান না হওয়া অত্যন্ত হতাশাজনক ও দুঃখজনক। এ পরিস্থিতি উত্তোরণের জন্য এখন থেকে এনফোর্সমেন্টে কর্মরত সকল সদস্যের জবাবদিহিতা নিশ্চিত করা প্রয়োজন। এ জন্য তাদের প্রত্যেকের গোপন সংবাদ সংগ্রহ করা থেকে শুরু করে বর্ণিত কার্যক্রম সম্পাদনের বিষয় প্রতিমাসে নিজ কার্যালয়ে অনুষ্ঠিত সমন্বয় সভায় গুরুত্বের সাথে আলোচনা করতে হবে এবং যারা ভালো করবে তাদেরকে পুরস্কৃত করা যেতে পারে। সহকারী উপপরিদর্শকগণ ও সিপাইগণ গোপন সংবাদ সংগ্রহপূর্বক নিজ সার্কেল পরিদর্শক/উপপরিদর্শককে সরবরাহ করবেন। সে লক্ষ্যে পেশাদার সোর্সের মাধ্যমে প্রাপ্ত সংবাদ, মামলা উদ্ঘাটন ইত্যাদি বিষয়ে যেভাবে Information রেজিস্টার সংরক্ষণ করা হয়ে থাকে অনুরূপভাবে বা কিছু পরিবর্তন করে নিজ জেলা কার্যালয়ের এনফোর্সমেন্টে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক সংগৃহীত Information রেকর্ড করার জন্য পরিদর্শকের ব্যবস্থাপনায় পৃথক Information রেজিস্টার সংরক্ষণ করবেন এবং তাঁর নিজের ও তাঁর নিয়ন্ত্রণাধীন সকল সহকর্মীর কার্যক্রম উক্ত Information রেজিস্টারে ধারাবাহিকভাবে এন্ট্রি দিবেন। প্রত্যেক জেলা কার্যালয়ের ০২ জন পরিদর্শকের ব্যবস্থাপনায় ০২টি Information রেজিস্টার সংরক্ষণ করবেন। প্রত্যেক মাসের ০১ তারিখে পূর্বের মাসের সম্পাদিত কার্যক্রম বিষয়ে নিম্নবর্ণিত 'ছক' মোতাবেক অত্র কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করবেন।

'ছক'

এনফোর্সমেন্টে কর্মরত সকলের নাম ও পদবী	মাসে সংগৃহীত গোপন সংবাদের সংখ্যা	প্রাপ্ত সংবাদের ভিত্তিতে উদ্ঘাটিত মামলার সংখ্যা				মোট সংখ্যা		জন্মকৃত আলামতের বিবরণ	প্রাপ্ত গোপন সংবাদ Information রেজিস্টারে এন্ট্রি দেয়া হয়েছে কিনা	মন্তব্য
		নিয়মিত	আসামী	মোবাইল কোর্ট	আসামী	মামলা	আসামী			
১	২	৩				৪		৫	৬	৭


 (মো: ফজলুর রহমান)
 অতিরিক্ত পরিচালক
 ফোন: ০২৫৮-৮৮০০০৮২

- ১) উপপরিচালক
 মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
 জেলা কার্যালয়, নাটোর/পাবনা/রাজশাহী/বগুড়া/চাঁপাইনবাবগঞ্জ
- ২) সহকারী পরিচালক
 মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
 জেলা কার্যালয়, জয়পুরহাট/নওগাঁ/সিরাজগঞ্জ।